

"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/২০২৩/৬৭৫

তারিখ : ২৬/১২/২০২৩ খ্রি.

বিষয় : বিশেষ বিবেচনায় এসএসসি পরীক্ষা-২০২৪ এর ফরম পূরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, যারা যৌক্তিক কোন সমস্যার কারণে ২০২৪ সনের এসএসসি পরীক্ষার ফরম পূরণ যথাসময়ে করতে পারেনি, সে সকল শিক্ষার্থীরা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী ০১/০১/২০২৪ খ্রি. থেকে ০৪/০১/২০২৪ খ্রি. পর্যন্ত অনলাইনে ফরম পূরণ করতে পারবে।


উল্লেখ্য এ বোর্ডের এসএসসি পরীক্ষা ২০২৪ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি নং : ২২২/২০২৩ তারিখ : ১৭ অক্টোবর ২০২৩ খ্রি. এর নির্দেশনা মোতাবেক ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং প্রতি শিক্ষার্থীর জন্য পূর্বের নির্ধারিত ফি এর সাথে বিলম্ব ফি: ১০০.০০ (একশত) টাকা প্রদান করতে হবে।

এসএসসি ২০২৪ সনের ফরম পূরণের ফি সোনালী সেবার পরিবর্তে সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG) এর মাধ্যমে গ্রহণ করা হচ্ছে। এ পদ্ধতিতে ফি প্রদানের জন্য সোনালী ব্যাংকের যে কোন হিসাব নম্বরে বোর্ডে প্রদত্ত ফি এর সমপরিমাণ/ ততোধিক টাকা নগদ জমা করতে হবে। তারপর বোর্ডের অনলাইনে ফরম পূরণের লিঙ্কে প্রবেশ করে Pay Info তে প্রদর্শিত নির্দেশনা মোতাবেক সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট হিসাব নং, হিসাবের নাম ও ব্যাংক হিসাবে ব্যবহৃত মোবাইল নম্বরে প্রেরিত OTP ব্যবহার করে যথানিয়মে ফি প্রদান সম্পন্ন করতে হবে।

পেমেন্ট সম্পন্ন হওয়ার ১/২ মিনিটের মধ্যে Final Submit বাটন Active হবে। Final Submit এ ক্লিক করে Final Candidate List প্রিন্ট করতে হবে। উল্লেখ্য Final Submit না করলে পরীক্ষার্থীর ফরম পূরণ নিশ্চয়ন সম্পন্ন হবে না। নির্ধারিত সময়ের মধ্যে Final Submit সম্পন্ন করে দুই বার ফরম পূরণ করা যাবে।

বিঃদ্র: এছাড়া প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের ফরম পূরণকৃত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা (Final Candidate List) যাচাই পূর্বক একই নামের একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ফরম পূরণের যোগ্য কোন শিক্ষার্থী বাদ পড়লে তাদের ফরম পূরণও উদ্ভিচিত তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের

সকল শিক্ষা প্রতিষ্ঠান।